

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১১.০০১.২৪.৪৪৯

তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ খ্রি.

**অফিস আদেশ**

বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে বাণিজ্য মন্ত্রণালয়স্থানীয় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক টাকা ৯৩০০-২২৪৯০ বেতনক্রমে (১৬তম গ্রেড) এবং তৎসহ দেয় অন্যান্য সরকারি ভাতাসহ অস্থায়ী ভিত্তিতে “সহকারী হিসাবরক্ষক” পদে নিয়োগ প্রদান করা হইল:

ক্রমিক নম্বর	প্রার্থীর নাম ও ঠিকানা	রোল নম্বর
০১	জনাব মাইফুল ইসলাম পিতা: মো: শাহজাহান মাতা: রোকেয়া বেগম গ্রাম: মরিচটেক, ডাকঘর: মহজমপুর-১৪৪০, উপজেলা: সোনারগাঁও, জেলা: নারায়ণগঞ্জ। বর্তমান ঠিকানা: ঐ	১৫০০০১৭৪

২। নিয়োগের শর্তাবলী:

- সরকারি চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদ, ডোপ টেস্ট রিপোর্ট, ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্রের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিমখানা নিবাসী, আনসার-ভিডিপি সনদ ও শারীরিক প্রতিবন্ধী সনদপত্রের সত্যায়িত ০১(এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত কাগজ/সনদপত্রে কোনরূপ অসংলগ্নতা পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হইবে;
- চাকুরিতে যোগদানের ০৩ (তিন) মাসের মধ্যে তাঁহার নিজ জেলার পুলিশ বিভাগ কর্তৃক প্রাক-পরিচয় যাচাই সম্পর্কিত প্রতিবেদন সংগ্রহ করা হইবে। পুলিশ ভেরিফিকেশন এর মাধ্যমে কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে তাঁহাকে চাকুরিচ্যুত করা হইবে।
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে চাকুরি করিতে হইবে। শিক্ষানবিশকালীন চাকুরি সন্তোষজনক প্রতীয়মান হইলে চাকুরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হইবে। শিক্ষানবিশকালে যদি তাঁহার কাজ ও আচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক নয় বলিয়া বিবেচিত হয় অথবা তাঁহার বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হয় তাহা হইলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাঁহাকে তাৎক্ষণিকভাবে চাকুরিচ্যুত করা হইবে।
- এই আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এইরূপ ক্ষেত্রে চাকুরি-সংশ্লিষ্ট প্রচলিত সরকারি বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁহার চাকুরি নিয়ন্ত্রিত হইবে।
- চাকুরিতে যোগদানের জন্য তাঁহাকে কোন ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা প্রদান করা হইবে না।
- আগামী ০২ মে ২০২৪ খ্রি. তারিখ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে (১ কারওয়ান বাজার, টিসিবি ভবন-৮ম তলা, ঢাকা) যোগদান করিতে হইবে।
- জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারি করা হইল।

স্বাক্ষরিত/-

(এ.এইচ.এম. সফিকুজ্জামান)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ০২৫৫০১৩২০৮  
ই-মেইল: dg@dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১১.০০১.২৪.৪৪৯


তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ খ্রি.

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ----- বিভাগ।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।



- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার)/(অভিযোগ ও তদন্ত), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ----- জেলা।
- ৫। পুলিশ সুপার, ----- জেলা।
- ৬। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, বাণিজ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা, গেট নং-৪), সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ৮। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। সহকারী পরিচালক (সকল), ----- জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ১১। জনাব মাইফুল ইসলাম, পিতা: মো: শাহজাহান, মাতা: রোকেয়া বেগম, গ্রাম: মরিচটেক, ডাকঘর: মহজমপুর-১৪৪০, উপজেলা: সোনারগাঁও, জেলা: নারায়ণগঞ্জ।
- ১২। ব্যক্তিগত নথি/ অফিস কপি।



(এ.এইচ.এম.সফিকুজ্জামান)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)